

### বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকল উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাগণের (স্থানীয় ক্রয়-স্বাধিকারী) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহ (১২৭০২১২) এবং উপজেলা স্বাস্থ্য কার্যালয়সমূহ (১২৭০২০৪) স্ব স্ব প্রতিষ্ঠানিক কোডের বিপরীতে ১ম ও ২য় কিস্তিতে বিদ্যুৎ (অর্থনৈতিক কোড- ৩২১১১১৩) খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের উপর গত ১৫-০৪-২০২৬খ্রি. পর্যন্ত সময়ের প্যাম্পিং মোতাবেক নিম্নরূপ যে সমস্ত স্বাস্থ্য কমপ্লেক্স/ কার্যালয় ৭০% বা তার ততোধিক ব্যয় সম্পন্ন করেছে, সে সমস্ত হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কার্যালয়ে পরবর্তী কিস্তিতে শর্তসাপেক্ষে (১ম ও ২য় কিস্তির সমপরিমাণ অর্থ) অর্থ আইবাস সফটওয়্যারে বরাদ্দ বিতরণ প্রদান করা হলো।

(খ) যে সমস্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ উপজেলা স্বাস্থ্য কার্যালয়সমূহ ১ম ও ২য় কিস্তিতে বরাদ্দকৃত অর্থ সন্তোষজনক ব্যয় নির্বাহ করতে সামর্থ্য হয়নি তাদের ক্ষেত্রে পুনঃবরাদ্দের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়নি বিধায় উক্ত ১ম ২য় ও ৩য় কিস্তির পর অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন হলে প্রতিষ্ঠানের বিপরীতে উক্ত বরাদ্দকৃত অর্থ সন্তোষজনক ব্যয় নির্বাহ করে আইবাস++ সফটওয়্যারে প্রতিফলন সাপেক্ষে আগামী ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে চাহিদা প্রেরণ করবেন।

অন্যথায় এ বিষয়ে বকেয়া তৈরি হলে এবং উক্ত বকেয়া পরিশোধের বা এ সংক্রান্ত দায় দায়িত্ব স্থানীয় কর্তৃপক্ষের উপর বর্তাবে।

শর্ত থাকে যে,

- ১) স্থানীয় ক্রয়-স্বাধিকারীগণ পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ সহ সকল আর্থিক বিধি/নিয়মচার অনুসরণে উক্ত ব্যয় সম্পন্ন করবেন।
- ২) পরবর্তীতে উক্ত বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কোন আর্থিক অনিয়ম/অডিট আপত্তি হলে সংশ্লিষ্ট ক্রয়-স্বাধিকারী (ডিডিও) এর উপর বর্তাবে।

ইহা মহাপরিচালক মহোদয়, স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।



ডা. শেখ ইফতেখার রহমান  
পরিচালক, অর্থ শাখা  
ফোন: ০২ ২২২ ২৯৮ ৭৮০

ই-মেইল: [directorfinance@ld.dqhs.gov.bd](mailto:directorfinance@ld.dqhs.gov.bd)

বিতরণ কার্যার্থে:

- ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা  
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)।

অনুলিপি জ্ঞতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
- ৩) অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫) পরিচালক (প্রশাসন/ইউএইচসি/পরিকল্পনা ও গবেষণা/হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তর)।
- ৬) পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর- তাকে বিজ্ঞপ্তিটি ওয়াব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৭) উপ-সচিব (বাজেট-৪), বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৮) সিভিল সার্জন (সকল)।
- ৯) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এবিজি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০) জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।